লাইফলাইন

# আপনার জন্য একটি পেনশন পলিসি



MetLife

জীবনের পথে চলি একসাথে



আপনি কি আপনার অবসর পরবর্তী জীবন নিয়ে কিছু ভেবেছেন? যদি ভেবে থাকেন, তাহলে আপনার জন্য আমাদের একটি পলিসি আছে যা আপনার অবসর জীবনকে সুখে রাখবে এখন যেমনটি আছেন। এখন আপনি কাজ করছেন, আয় করছেন এবং ব্যয় করছেন ইচ্ছেমত, তাই অবসর জীবনের পরিকল্পনা শুরু করা দরকার এখনই। যখন আপনি অবসরে যাবেন, তখন আপনার প্রাত্যহিক জীবনের ছন্দ হয়তো এত সহজে ধরে রাখতে সক্ষম হবেন না। আপনার নিয়মিত আয় বন্ধ হয়ে যাবে কিন্তু আপনার জীবনযাত্রা, চিকিৎসা এবং অন্যান্য ব্যয়ভার বহনের জন্য যথেষ্ট অর্থের প্রয়োজন থেকেই যাবে। আপনি নিশ্চয়ই চান আপনার নিজের জন্য একটি সুখী অবসর জীবন নিশ্চিত হোক। কেউই অবসর জীবনে আর্থিকভাবে অন্যের ওপর নির্ভরশীল হতে চায় না, তাই নয় কি?

এই বাস্তবতা মাথায় রেখে মেটলাইফ লাইফলাইন নামে একটি অবসর পলিসি তৈরি করেছে যা আপনার বয়স ১০০ বছর হওয়া পর্যন্ত আপনি আপনার অবসর পরবর্তী জীবন স্বাচ্ছন্দ্যে কাটাতে পারেন।


## আপনার জন্য অনন্য উপকারিতা

নির্দিষ্ট সময় ধরে প্রিমিয়াম দিন যখন আপনি কর্মরত, দীর্ঘ সময় পেনশন নিন যখন আপনি অবসরে।

## লাইফলাইন যেভাবে আপনার জন্য কাজ করবে।

**নিচের চারটি বিষয়ে সিদ্ধান্ত নিন এবং দেখুন কিভাবে লাইফলাইন আপনার জন্য কাজ করে:**

- কোন বয়স থেকে পেনশন চান?
- কী পরিমাণ পেনশন চান?
- বর্তমানে আপনার কোন পেনশন পরিকল্প আছে কি? যদি থাকে, তা যথেষ্ট কি?
- বার্ষিক পেনশন চান, নাকি মাসিক?




**প্রিমিয়াম প্রদান সময়কালে আপনি প্রিমিয়াম প্রদান করবেন এবং বিনিয়োগ পুঞ্জিভূত হওয়ার সময়কালে আপনি পেনশন গ্রহণ করবেন।**

## প্রথম উদাহরণ

- *লাইফলাইন পলিসি নেওয়ার সময় আপনার বয়সঃ ৪০ বছর*
- *প্রিমিয়াম প্রদান সমাপ্তিকালে আপনার বয়সঃ ৫৫ বছর*
- *প্রিমিয়াম প্রদানের সময়কালঃ ১৫ বছর*
- *পেনশন (অর্থাৎ ইনকাম কুপন ) প্রদানের ধরনঃ বার্ষিক অথবা মাসিক*
  *পেনশন শুরুর বয়সঃ*
    - *বার্ষিক পেনশনের ক্ষেত্রে ৫৬ বছর*
    - *মাসিক পেনশনের ক্ষেত্রে ৫৫ বছর ১ মাস*
- *মেয়াদ-পূর্তি বয়সঃ আপনি যতদিন বেঁচে থাকবেন প্রতি বছর বা প্রতি মাসে মেটলাইফ আপনাকে পেনশন অর্থাৎ ইনকাম কুপন প্রদান করবে (সর্বোচ্চ ১০০ বছর বয়স পর্যন্ত)।*

**উদাহরণস্বরূপ আপনি নিচের টেবিলটি দেখতে পারেন (টাকায়)ঃ**

| | পেনশন প্রদানের ধরনঃ বার্ষিক | | | | | | পেনশন প্রদানের ধরনঃ মাসিক | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| * প্রক্ষেপিত পেনশন এর পরিসীমা | ৮৫,৭১৪ - ১,২০,০০০ | ১,৭১,৪২৯- ২,৪০,০০০ | ২,৫৭,১৪৩- ৩,৬০,০০০ | ৩,৪২,৮৫৭- ৪,৮০,০০০ | ৪,২৮,৫৭১- ৬,০০,০০০ | ৮,৫৭,১৪৩ - ১২,০০,০০০ | ৭,২০৬ - ১০,০০০ | ১৪,৪১১ - ২০,০০০ | ২১,৬১৭- ৩০,০০০ | ২৮,৮২২- ৪০,০০০ | ৩৬,০২৮- ৫০,০০০ | ৭২,০৫৬- ১,০০,০০০ |
| ** প্রক্ষেপিত প্রিন্সিপাল অঙ্ক | ১৭,১৪,২৮৬ | ৩৪,২৮,৫৭১ | ৫১,৪২,৮৫৭ | ৬৮,৫৭,১৪৩ | ৮৫,৭১,৪২৯ | ১,৭১,৪২,৮৫৭ | ১৭,৬৮,৬১৪ | ৩৫,৩৭,২২৮ | ৫৩,০৫,৮৪২ | ৭০,৭৪,৪৫৬ | ৮৮,৪৩,০৬৯ | ১,৭৬,৮৬,১৩৯ |
| মূল অভিহিত মূল্য | ৯,৫৫,০৩৪ | ১৯,১০,০৬৮ | ২৮,৬৫,১০১ | ৩৮,২০,১৩৫ | ৪৭,৭৫,১৬৯ | ৯৫,৫০,৩৩৮ | ৯,৮৫,৩০০ | ১৯,৭০,৬০০ | ২৯,৫৫,৯০১ | ৩৯,৪১,২০১ | ৪৯,২৬,৫০১ | ৯৮,৫৩,০০২ |
| মূল প্রিমিয়াম | ৭৬,২৬৩ | ১,৫২,৪৫৫ | ২,২৮,৬৪৮ | ৩,০৪,৮৪০ | ৩,৮১,০৩৩ | ৭,৬১,৯৯৬ | ৭,০৮৩ | ১৪,১৫৮ | ২১,২৩২ | ২৮,৩০৭ | ৩৫,৩৮২ | ৭০,৭৫৫ |
| মোট প্রিমিয়াম (মূল+ পারসোনাল অ্যাকসিডেন্ট কাভারেজের জন্য অতিরিক্ত প্রিমিয়াম প্রদান) | ৮৩,৮৫৫ | ১,৬৭,৬৪০ | ২,৪৪,৫৪৮ | ৩,২০,৭৪০ | ৩,৯৬,৯৩৩ | ৭,৭৭,৮৯৬ | ৭,৭৮৮ | ১৫,৫৬৮ | ২২,৬৬৩ | ২৯,৭৩৮ | ৩৬,৮১৩ | ৭২,১৮৬ |

* প্রক্ষেপিত পেনশনের পরিসীমা হিসাবের সময় প্রক্ষেপিত প্রিন্সিপাল অঙ্কের উপর ক্রেডিটিং সুদের হারের পরিসীমা বার্ষিক ৫% থেকে ৭% ধরা হয়েছে। **১৫ বছর মেয়াদী পরিকল্পের প্রক্ষেপিত প্রিন্সিপাল অঙ্ক হিসাবের সময় মূল অভিহিত মূল্যের উপর বার্ষিক বোনাসের হার ৫.৩০% ধরা হয়েছে। দয়া করে লক্ষ্য করুন, ক্রেডিটিং সুদের হার এবং বোনাসের হারসমূহ - বিনিয়োগলব্ধ আয়, বাজারে প্রচলিত সুদের হার এবং নিয়ন্ত্রক সংস্থাসমূহের নির্দেশিত মূলধনের বাধ্যবাধকতার মতো অন্যান্য বাহ্যিক নিয়ামকসমূহের উপর নির্ভরশীল। দয়া করে মনে রাখবেন, ক্রেডিটিং সুদের হার এবং বোনাসের হারসমূহের পরিবর্তনের কারণে উপরের টেবিলটির সংখ্যাসমূহ পরিবর্তিত হতে পারে।

## দ্বিতীয় উদাহরণ

- *লাইফলাইন পলিসি নেওয়ার সময় আপনার বয়সঃ ৪০ বছর*
- *প্রিমিয়াম প্রদান সমাপ্তিকালে আপনার বয়সঃ ৬০ বছর*
- *প্রিমিয়াম প্রদানের সময়কালঃ ২০ বছর*
- *পেনশন (অর্থাৎ ইনকাম কুপন ) প্রদানের ধরনঃ বার্ষিক অথবা মাসিক*
  *পেনশন শুরুর বয়সঃ*
    - *বার্ষিক পেনশনের ক্ষেত্রে ৬১ বছর*
    - *মাসিক পেনশনের ক্ষেত্রে ৬০ বছর ১ মাস*
- *মেয়াদ-পূর্তি বয়সঃ আপনি যতদিন বেঁচে থাকবেন প্রতি বছর বা প্রতি মাসে মেটলাইফ আপনাকে পেনশন অর্থাৎ ইনকাম কুপন প্রদান করবে (সর্বোচ্চ ১০০ বছর বয়স পর্যন্ত)।*

**উদাহরণস্বরূপ আপনি নিচের টেবিলটি দেখতে পারেন (টাকায়)ঃ**

| | পেনশন প্রদানের ধরনঃ বার্ষিক | | | | | | পেনশন প্রদানের ধরনঃ মাসিক | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| * প্রক্ষেপিত পেনশন এর পরিসীমা | ৮৫,৭১৪ - ১,২০,০০০ | ১,৭১,৪২৯ - ২,৪০,০০০ | ২,৫৭,১৪৩ - ৩,৬০,০০০ | ৩,৪২,৮৫৭ - ৪,৮০,০০০ | ৪,২৮,৫৭১ - ৬,০০,০০০ | ৮,৫৭,১৪৩ - ১২,০০,০০০ | ৭,২০৬ - ১০,০০০ | ১৪,৪১১- ২০,০০০ | ২১,৬১৭- ৩০,০০০ | ২৮,৮২২- ৪০,০০০ | ৩৬,০২৮- ৫০,০০০ | ৭২,০৫৬- ১,০০,০০০ |
| ** প্রক্ষেপিত প্রিন্সিপাল অঙ্ক | ১৭,১৪,২৮৬ | ৩৪,২৮,৫৭১ | ৫১,৪২,৮৫৭ | ৬৮,৫৭,১৪৩ | ৮৫,৭১,৪২৯ | ১,৭১,৪২,৮৫৭ | ১৭,৬৮,৬১৪ | ৩৫,৩৭,২২৮ | ৫৩,০৫,৮৪২ | ৭০,৭৪,৪৫৬ | ৮৮,৪৩,০৬৯ | ১,৭৬,৮৬,১৩৯ |
| মূল অভিহিত মূল্য | ৬,১২,২৪৫ | ১২,২৪,৪৯০ | ১৮,৩৬,৭৩৫ | ২৪,৪৮,৯৮০ | ৩০,৬১,২২৪ | ৬১,২২,৪৪৯ | ৬,৩১,৬৪৮ | ১২,৬৩,২৯৬ | ১৮,৯৪,৯৪৩ | ২৫,২৬,৫৯১ | ৩১,৫৮,২৩৯ | ৬৩,১৬,৪৭৮ |
| মূল প্রিমিয়াম | ৪২,৯৩৩ | ৮৫,৭৯৭ | ১,২৮,৬৬০ | ১,৭১,৫২৩ | ২,১৪,৩৮৬ | ৪,২৮,৭০৩ | ৩,৯৮৮ | ৭,৯৬৮ | ১১,৯৪৮ | ১৫,৯২৮ | ১৯,৯০৮ | ৩৯,৮০৮ |
| মোট প্রিমিয়াম (মূল+ পারসোনাল অ্যাকসিডেন্ট কাভারেজের জন্য অতিরিক্ত প্রিমিয়াম প্রদান) | ৪৭,৮০১ | ৯৫,৫৩১ | ১,৪৩,২৬২ | ১,৮৭,৪২৩ | ২,৩০,২৮৬ | ৪,৪৪,৬০৩ | ৪,৪৪০ | ৮,৮৭২ | ১৩,৩০৪ | ১৭,৩৫৯ | ২১,৩৩৯ | ৪১,২৩৯ |

* প্রক্ষেপিত পেনশনের পরিসীমা হিসাবের সময় প্রক্ষেপিত প্রিন্সিপাল অঙ্কের উপর ক্রেডিটিং সুদের হারের পরিসীমা বার্ষিক ৫% থেকে ৭% ধরা হয়েছে। **২০ বছর মেয়াদী পরিকল্পের প্রক্ষেপিত প্রিন্সিপাল অঙ্ক হিসাবের সময় মূল অভিহিত মূল্যের উপর বার্ষিক বোনাসের হার ৯.০% ধরা হয়েছে। দয়া করে লক্ষ্য করুন, ক্রেডিটিং সুদের হার এবং বোনাসের হারসমূহ - বিনিয়োগলব্ধ আয়, বাজারে প্রচলিত সুদের হার এবং নিয়ন্ত্রক সংস্থাসমূহের নির্দেশিত মূলধনের বাধ্যবাধকতার মতো অন্যান্য বাহ্যিক নিয়ামকসমূহের উপর নির্ভরশীল। দয়া করে মনে রাখবেন, ক্রেডিটিং সুদের হার এবং বোনাসের হারসমূহের পরিবর্তনের কারণে উপরের টেবিলটির সংখ্যাসমূহ পরিবর্তিত হতে পারে।

## লাইফলাইন পলিসির বিশেষ বৈশিষ্ট্যসমূহ

- আপনার পলিসিতে মূল অভিহিত মূল্যের সাথে বোনাস থাকতে পারে (যদি কোম্পানী ঘোষণা করে)।
- প্রিমিয়াম প্রদানের সময়কালে প্রয়োজনে আপনি পলিসি লোনের সুবিধা নিতে পারেন। অ্যাক্সিডেন্ট কাভারেজের মাধ্যমে দুর্ঘটনাজনিত অতিরিক্ত সুবিধাবলী নিতে পারেন। বীমা সুবিধাসহ অন্যান্য মূল্যবান বীমা সুবিধা যোগ করতে পারেন ।
- বাংলাদেশ সরকারের আইন/নিয়ম অনুসারে প্রদেয় প্রিমিয়ামের উপর ইনকাম ট্যাক্স সুবিধা পেতে পারেন। এ বিষয়ে নিশ্চিত হতে এবং পরামর্শের জন্য অনুগ্রহ করে আপনার কর উপদেষ্টার সাথে আলোচনা করুন।

## লাইফলাইন পলিসি নেওয়ার যোগ্যতা ও সীমাবদ্ধতা

- পলিসি নেওয়ার বয়স: ১৮-৫৫ বছর
- মেয়াদ পূর্তির বয়স: ১০০ বছর
- প্রিমিয়াম প্রদানের সময়কাল: ১০-২০ বছর
- মূল অভিহিত মূল্য:
  সর্বনিম্ন অভিহিত মূল্য: ১৫০,০০০ টাকা
  সর্বোচ্চ অভিহিত মূল্য: কোম্পানির আন্ডাররাইটিং নীতিমালা অনুযায়ী অভিহিত মূল্য নির্ধারিত হবে
- প্রিমিয়াম প্রদানের ধরন: মাসিক, ত্রৈমাসিক, ষাণ্মাসিক বা বার্ষিক
- পারসোনাল অ্যাকসিডেন্ট কাভারেজ অবসানের বয়স: ৬৫ বছর বয়স বা প্রিমিয়াম প্রদানকালের সমাপ্তি, এই দুটোর মধ্যে যেটি আগে ঘটবে
- ব্যতিক্রম: প্রযোজ্য ব্যতিক্রমসমূহ জানতে দয়া করে বীমা চুক্তিপত্রটি পড়ুন
- অবলিখন বিধিমালা: যে সময়ে পলিসি নেয়া হবে সে সময়ে কোম্পানীর বিদ্যমান বিধিমালা কার্যকর হবে।

## অন্যান্য শর্তাবলী

**১। প্রিন্সিপাল অঙ্ক:**
এটি মূল অভিহিত মূল্য ও পলিসি বোনাসের (যদি ঘোষণা করা হয়) যোগফল । এই যোগফল থেকে পলিসিতে যদি কোন দায় থাকে তা বাদ দেয়া হয়।

**২। পেনশন (অর্থাৎ ইনকাম কুপন) প্রদান পদ্ধতি:**
বিনিয়োগ পুঞ্জিভূত হওয়ার সময়কালের শুরুতে আপনি নিম্নলিখিত পদ্ধতিসমূহের যে কোন একটি বেছে নিতে পারেন -
* বার্ষিক পেনশন
* মাসিক পেনশন
* মেটলাইফ-এ আপনার পেনশন সুদসহ বৃদ্ধির জন্য জমা রাখা

**৩। পেনশন (অর্থাৎ ইনকাম কুপন) হিসাবের পদ্ধতিঃ**
পেনশনের পরিমাণ প্রিন্সিপাল অঙ্কের শতকরা হারে নির্ধারিত হয়। উল্লিখিত শতকরা হারকে "কুপনের হার" বলা হয়। বছরে এই কুপনের পরিমাণ প্রিন্সিপাল অঙ্কের ২% এর কম হবে না তা নিশ্চিত। চলতি কুপনের হার জানার জন্য আপনার মেটলাইফ ফিনান্সিয়াল অ্যাসোসিয়েট এর সাথে কথা বলুন।

**৪। পলিসির বোনাস:**
প্রিমিয়াম প্রদানের সময়কালে দুই (২) ধরনের বোনাস ঘোষণা করা হতে পারে; রিভার্সনারি বোনাস ও টার্মিনাল বোনাস। রিভার্সনারি বোনাস সকল মেয়াদের জন্য প্রযোজ্য । টার্মিনাল বোনাস শুধুমাত্র ১৬ থেকে ২০ বছর মেয়াদী পলিসির জন্য প্রযোজ্য। দয়া করে লক্ষ্য করুন যে, এই পলিসিতে উল্লিখিত বোনাসসমূহ নিশ্চিত নয়।



**৫। মেয়াদ-পূর্তি সুবিধাঃ**

মেয়াদ-পূর্তি সুবিধার পরিমাণ প্রিন্সিপাল অঙ্কের সমান। যদি কেউ পেনশন (অর্থাৎ ইনকাম কুপন) না নিয়ে মেটলাইফ-এ জমা রেখে দেন, তবে মেয়াদ-পূর্তি সুবিধার পরিমাণ হবে প্রিন্সিপাল অঙ্ক এবং সুদসহ সকল পেনশনের যোগফল।

**৬। মৃত্যু দাবী সুবিধাঃ**

- *প্রিমিয়াম প্রদানের সময়কালে:* বীমাকৃত ব্যক্তির মৃত্যুহলে তার মনোনীত সুবিধাভোগী মূল অভিহিত মূল্য এবং রিভার্সনারি ও টার্মিনাল বোনাসের (যদি প্রযোজ্য হয়) যোগফলের সমান টাকা পাবেন। যদি কোম্পানীর কাছে দায় থাকে তবে এই যোগফল থেকে তা বাদ দেয়া হবে।

- *বিনিয়োগ পুঞ্জিভূত হওয়ার সময়কালে:* বীমাকৃত ব্যক্তির মৃত্যু হলে তার মনোনীত সুবিধাভোগী প্রিন্সিপাল অঙ্কের সমান টাকা পাবেন। যদি বীমাকৃত ব্যক্তি পেনশন (অর্থাৎ ইনকাম কুপন) না নিয়ে মেটলাইফ-এ জমা রেখে দেন, তবে মনোনীত সুবিধাভোগী প্রিন্সিপাল অঙ্ক এবং সুদসহ সকল পেনশনের যোগফলের সমান টাকা পাবেন।

**৭। পারসোনাল অ্যাকসিডেন্ট কাভারেজের মাধ্যমে দুর্ঘটনাজনিত অতিরিক্ত সুবিধাবলী (যদি নেয়া হয়):**

- দুর্ঘটনাজনিত মৃত্যু এবং দুর্ঘটনাজনিত কারণে স্থায়ী সম্পূর্ণ অক্ষমতার ক্ষেত্রে অতিরিক্ত সুবিধার পরিমাণ হবে মূল অভিহিত মূল্যের সমান কিন্তু তা ৫০,০০,০০০ টাকার বেশি হবে না।

- দুর্ঘটনায় অঙ্গহানির ক্ষেত্রে অতিরিক্ত সুবিধার পরিমাণ সর্বোচ্চ মূল অভিহিত মূল্য পর্যন্ত হতে পারে কিন্তু তা ৫০,০০,০০০ টাকার বেশি হবে না।

- দুর্ঘটনাজনিত চিকিৎসা ব্যয় প্রতিপূরণে বীমাকারী প্রতিবার দুর্ঘটনার ক্ষেত্রে মূল অভিহিত মূল্যের ১৫% পর্যন্ত মেটলাইফ থেকে পেতে পারেন কিন্তু তা ৭,৫০,০০০ টাকার বেশি হবেনা।

**৮। প্রত্যর্পণঃ**

- *প্রিমিয়াম প্রদানের সময়কালে নগদ প্রত্যার্পণঃ* প্রথম দুই (২) বছর প্রিমিয়াম প্রদান করা হলে পলিসিটি ক্যাশ ভ্যালু অর্জন করবে। উক্ত সময়ের পরে বীমা মালিক পলিসিটি প্রত্যর্পণ (সারেন্ডার) করতে পারবেন এবং দায় বাদে (যদি থাকে) মোট ক্যাশ ভ্যালু গ্রহণ করতে পারবেন। মোট ক্যাশ ভ্যালু হচ্ছে মূল ক্যাশ ভ্যালু ও রিভার্সনারি বোনাসের ক্যাশ ভ্যালুর যোগফলের সমান।


- *বিনিয়োগ পুঞ্জিভূত হওয়ার সময়কালে প্রত্যার্পণ সুবিধা (প্রসেসিং ফি প্রদান সাপেক্ষে, যদি থাকে):* বীমা মালিক প্রিন্সিপাল অঙ্কের সমান টাকা পাবেন। যদি বীমা মালিক পেনশন (অর্থাৎ ইনকাম কুপন) না নিয়ে মেটলাইফ-এ জমা রেখে দেন, তবে প্রিন্সিপাল অঙ্ক এবং সুদসহ সকল পেনশনের যোগফলের সমান টাকা পাবেন।

**৯। প্রিমিয়াম প্রদানের সময়কালে পুনর্বহালঃ**

যদি বীমাটি নগদ প্রত্যর্পণ করা না হয়ে থাকে তবে বন্ধ হয়ে যাওয়া পলিসিটি প্রিমিয়াম দেয়া বন্ধ হওয়ার তারিখ থেকে পাঁচ (৫) বছরের মধ্যে সুদসহ সমস্ত বকেয়া প্রিমিয়াম ও কোন পলিসি লোন থাকলে সুদসহ তা পরিশোধ করে এবং কোম্পানীর সন্তুষ্টি অনুযায়ী সু-স্বাস্থ্য ও অন্যান্য বীমা যোগ্যতার প্রমাণ সাপেক্ষে লিখিত আবেদন করে পুনর্বহাল করা যেতে পারে।

**১০।** আত্মহত্যা (পলিসিটি নেওয়ার কিংবা পুনর্বহালের প্রথম দুই বছরের মধ্যে), যুদ্ধ, এইডস, পূর্বে বিদ্যমান অবস্থা বা পলিসিতে উল্লেখিত অন্যান্য ব্যতিক্রম এর কারণে মৃত্যুর ক্ষেত্রে এই পলিসিতে কোন বীমা দাবী প্রদান করা হবেনা।

**১১।** মোট ক্যাশ ভ্যালুর সর্বোচ্চ ৮৫% পর্যন্ত পলিসি লোন নেয়া যেতে পারে (যদি দায় থাকে তা বাদ দিয়ে)।



## কিভাবে বীমা দাবি উপস্থাপন করা যায়ঃ

বীমাকৃত ব্যক্তির মৃত্যু, অঙ্গহানি, অক্ষমতা বা অন্য কোন বীমাকৃত ঘটনার ক্ষেত্রে খুব সহজেই মেটলাইফ প্রধান কার্যালয়ের ৯৫৬১৭৯১ (বর্ধিত ৭৭৭) বা ১৬৩৪৪ নম্বরে যোগাযোগ করে বীমা দাবি উপস্থাপন করতে পারবেন। আমরা আপনাকে বা আপনার নির্ধারিত সুবিধাগ্রাহী (গন) কে পুরো প্রক্রিয়াটি সম্পন্ন করতে সার্বিক সহযোগিতা করব।

## দায় অস্বীকারমূলক বিবৃতি

১. এই পলিসিটি আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী (‘মেটলাইফ’) কর্তৃক অবলিখিত এবং সর্বদা পলিসিতে বর্ণিত শর্তাদি ও শর্তাবলির অধীনে থাকে। এই ব্রোশিওরের তথ্যসমূহ গ্রাহকদের শুধু সাধারণ ধারণা প্রদানের জন্য ব্যবহৃত হয়েছে। শর্তাদি, শর্তাবলি ও ব্যতিক্রমসমূহ বিস্তারিতভাবে বীমা চুক্তিপত্রে অন্তর্ভুক্ত আছে। এখানে অন্তর্ভুক্ত তথ্য এবং বীমা চুক্তিপত্রের মধ্যে যেকোনো অসামঞ্জস্যতার ক্ষেত্রে, বীমা চুক্তিপত্রটি চূড়ান্ত বলে গণ্য হবে।

২. এই ব্রোশিওরের বাংলা এবং ইংরেজি সংস্করণে যদি কোন অসামঞ্জস্যতা দেখা দেয়, তবে ইংরেজি সংস্করণ সঠিক হিসাবে বিবেচিত হবে।

৩. এই পলিসিটি যুক্তরাষ্ট্রে পাওয়া যাবে না বা যুক্তরাষ্ট্রের ব্যক্তিদের জন্য প্রযোজ্য নয়; এই বক্তব্যের প্রেক্ষিতে একজন যুক্তরাষ্ট্রের ব্যক্তি বলতে যুক্তরাষ্ট্রের একজন নাগরিক বা যুক্তরাষ্ট্রে বসবাসকারী ব্যক্তি (যুক্তরাষ্ট্রের বাইরে বসবাসকারী যুক্তরাষ্ট্রের একজন স্থায়ী বাসিন্দাও এর অন্তর্ভুক্ত), যুক্তরাষ্ট্রের অংশীদারি প্রতিষ্ঠান এবং এমন কোন ট্রাস্ট যা যুক্তরাষ্ট্রের এক বা একাধিক ব্যক্তি কর্তৃক নিয়ন্ত্রিত এবং যা যুক্তরাষ্ট্রের আদালতের তদারকির আওতাভুক্ত।

৪. যেখানেই ব্যবহৃত হোক “রাইডার” শব্দটি বলতে যেকোনো সম্পূরক চুক্তি(সমূহ)কে বুঝাবে এবং অন্তর্ভুক্ত করবে, যা মূল পলিসির সাথে সংযুক্ত। রাইডার স্বতন্ত্র কোন পণ্য নয় এবং এটি সক্রিয় করতে একটি মূল পলিসির (মূল পলিসির তথ্য/তালিকা মেটলাইফ ফিনান্সিয়াল অ্যাসোসিয়েট(দের) কাছে পাওয়া যাবে এবং আবশ্যিক মূল পলিসি (সমূহ) মেটলাইফ কর্তৃক নির্ধারিত হবে) প্রয়োজন হয়। মূল পলিসির সাথে রাইডার (যদি থাকে) সংযুক্ত থাকে, রাইডারটি অবসান এবং/অথবা মেয়াদপূর্তির তারিখে স্বয়ংক্রিয়ভাবে অবসান হবে অথবা প্রিমিয়াম প্রদানের মেয়াদ শেষে, যেটি আগে ঘটে।

## মেটলাইফ

MetLife Inc. (NYSE: MET), এর অঙ্গপ্রতিষ্ঠান এবং সহযোগী প্রতিষ্ঠান (MetLife) এর সমন্বয়ে ২০১৮ সালে দেড়শত বৎসর উদযাপন করা বিশ্বের অন্যতম একটি আর্থিক সেবা প্রদানকারী কোম্পানি যা ব্যক্তি এবং প্রাতিষ্ঠানিক গ্রাহকদের বীমা, এ্যনুইটি, গোষ্ঠী বীমা ও সম্পদ ব্যবস্থাপনা সেবা প্রদানের মাধ্যমে পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে সাহায্য করে। ১৮৬৮ সালে প্রতিষ্ঠিত মেটলাইফ বিশ্বের ৪০ টিরও বেশি দেশে কার্যক্রম পরিচালনা করছে এবং যুক্তরাষ্ট্র, জাপান, লাতিন আমেরিকা, এশিয়া ইউরোপ ও মধ্যপ্রাচ্যের বাজারে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে।

১৯৫২ সালে বাংলাদেশে ব্যবসা প্রতিষ্ঠার মধ্য দিয়ে মেটলাইফের এশিয়া যাত্রা শুরু হয়। বর্তমানে মেটলাইফ বাংলাদেশের সর্ববৃহৎ জীবনবীমা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। প্রায় ১০ দশ লক্ষেরও বেশি গ্রাহকের সেবায় নিয়োজিত প্রতিষ্ঠানটি দেশের অন্যতম বৃহৎ নিয়োগকারী প্রতিষ্ঠান, যার রয়েছে ১৮ হাজারের বেশি সুদক্ষ কর্মী। ২০১০ সালে বাংলাদেশের বীমা কোম্পানিগুলোতে ক্রেডিট রেটিং শুরু হওয়ার পর থেকে সর্বোচ্চ রেটিং “AAA” স্বীকৃত মেটলাইফ বর্তমানে শীর্ষ করদাতা বীমা প্রতিষ্ঠানগুলোর মধ্যেও অন্যতম।


**হটলাইন: ১৬৩৪৪ অথবা ০৯৬৬৬৭১৬৩৪৪** **ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৮৬৮২**

**www.metlife.com.bd** **American.Life@metlife.com.bd**

আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী, মেটলাইফ বিল্ডিং, ১৮-২০ মতিঝিল বা/এ, পি.ও বক্স ৯, ঢাকা-১০০০, বাংলাদেশ।


আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী যুক্তরাষ্ট্রে লিমিটেড কোম্পানি হিসেবে নিগমিত।

সোশ্যাল মিডিয়ার এই মাধ্যমগুলোতেও আমরা আছি আপনার পাশে:

LifeLine

# A Pension Policy for You



MetLife

Navigating life together



*Have you been thinking about your life after retirement? If yes, then we have a plan for you that keeps you as happy in your retired life as you are now. We feel that you need to start planning for your retirement because now you are working, earning, and spending at your will. When you will retire, you wouldn't be able to keep pace with things at such ease. Your regular income will cease but you will need sufficient financial support to be able to pay for your living, medical, and other expenses. You are the one who must secure a happy retirement for yourself. No one wants to depend financially on others after retirement, right?*

Keeping these realities in mind, MetLife presents a pension Policy for you called LifeLine which will ensure regular payment as per your choice up to your age of 100 years so that you can enjoy your life after retirement.


## Unique Value for You

You will pay premium for a certain period of time when you are working and earning to receive pension income from MetLife for a long period of time when you retire.

## The way LifeLine Will Work for You

Decide on the following four points and see how LifeLine will work for you

- When do you want your pension income to be started?
- How much pension income do you prefer?
- Do you have any existing retirement Policy? If yes, is It enough?
- Do you want your pension income to be annually or monthly?




You pay premium during Premium Payment Phase; you receive pension income during Investment Accumulation Phase.

## As Example 1

- *Your current Age at LifeLine issuance: 40 Years*
- *Premium Payment ends at your age: 55 Years*
- *Premium Payment Term: 15 Years*
- *Pension i.e. Income Coupon Payout Option: Annually / Monthly*
- *Pension starts from your Age:*
  - *56 Years in case of Annual Pension; or*
  - *55 Years 1 month in case of Monthly Pension*
- *Maturity Age: MetLife will pay you pension i.e. Income Coupon every year / month as long as you live (up to maximum age of 100 years).*

For illustrative purposes, you may want to have a look at the following table (in Taka).

| | Pension Payout Option: Annually | | | | | | Pension Payout Option: Monthly | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| *Projected Pension Range | 85,714 - 1,20,000 | 1,71,429- 2,40,000 | 2,57,143- 3,60,000 | 3,42,857- 4,80,000 | 4,28,571- 6,00,000 | 8,57,143 - 12,00,000 | 7,206 - 10,000 | 14,411 - 20,000 | 21,617- 30,000 | 28,822- 40,000 | 36,028- 50,000 | 72,056- 1,00,000 |
| **Projected Principal Amount | 17,14,286 | 34,28,571 | 51,42,857 | 68,57,143 | 85,71,429 | 1,71,42,857 | 17,68,614 | 35,37,228 | 53,05,842 | 70,74,456 | 88,43,069 | 1,76,86,139 |
| **Basic Face Amount** | 9,55,034 | 19,10,068 | 28,65,101 | 38,20,135 | 47,75,169 | 95,50,338 | 9,85,300 | 19,70,600 | 29,55,901 | 39,41,201 | 49,26,501 | 98,53,002 |
| **Basic Premium** | 76,263 | 1,52,455 | 2,28,648 | 3,04,840 | 3,81,033 | 7,61,996 | 7,083 | 14,158 | 21,232 | 28,307 | 35,382 | 70,755 |
| **Total Premium (Basic + Premium for additional Personal Accident Coverage)** | 83,855 | 1,67,640 | 2,44,548 | 3,20,740 | 3,96,933 | 7,77,896 | 7,788 | 15,568 | 22,663 | 29,738 | 36,813 | 72,186 |

* Projected Pension Ranges have been calculated assuming crediting interest rate ranging from 5% to 7% per annum on projected principal amount. **Projected Principal Amounts have been calculated assuming bonus rate of 5.3 % per annum on basic face amount for 15 years term. Kindly note that crediting interest rates and bonus rates depend upon investment return and other external factors including market interest rates and regulatory capital requirements. Also please note that bonus rates and crediting interest rates may vary which may affect values shown in the above table.

# As Example 2

- Your current Age at LifeLine issuance: 40 Years
- Premium Payment ends at your age: 60 Years
- Premium Payment Term: 20 Years
- Pension i.e. Income Coupon Payout Option: Annually / Monthly
- Pension starts from your Age:
  - 61 Years in case of Annual Pension; or
  - 60 Years 1 month in case of Monthly Pension
- Maturity Age: MetLife will pay you pension i.e. Income Coupon every year / month as long as you live (up to maximum age of 100 years).

For illustrative purposes, you may want to have a look at the following table (in Taka).

| | Pension Payout Option: Annually | | | | | | Pension Payout Option: Monthly | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| *Projected Pension Range | 85,714 - 1,20,000 | 1,71,429 - 2,40,000 | 2,57,143 - 3,60,000 | 3,42,857 - 4,80,000 | 4,28,571 - 6,00,000 | 8,57,143 - 12,00,000 | 7,206 - 10,000 | 14,411- 20,000 | 21,617- 30,000 | 28,822- 40,000 | 36,028- 50,000 | 72,056- 1,00,000 |
| **Projected Principal Amount | 17,14,286 | 34,28,571 | 51,42,857 | 68,57,143 | 85,71,429 | 1,71,42,857 | 17,68,614 | 35,37,228 | 53,05,842 | 70,74,456 | 88,43,069 | 1,76,86,139 |
| **Basic Face Amount** | 6,12,245 | 12,24,490 | 18,36,735 | 24,48,980 | 30,61,224 | 61,22,449 | 6,31,648 | 12,63,296 | 18,94,943 | 25,26,591 | 31,58,239 | 63,16,478 |
| **Basic Premium** | 42,933 | 85,797 | 1,28,660 | 1,71,523 | 2,14,386 | 4,28,703 | 3,988 | 7,968 | 11,948 | 15,928 | 19,908 | 39,808 |
| **Total Premium (Basic + Premium for additional Personal Accident Coverage)** | 47,801 | 95,531 | 1,43,262 | 1,87,423 | 2,30,286 | 4,44,603 | 4,440 | 8,872 | 13,304 | 17,359 | 21,339 | 41,239 |

* Projected Pension Ranges have been calculated assuming crediting interest rate ranging from 5% to 7% per annum on projected principal amount. ** Projected Principal Amounts have been calculated assuming bonus rate of 9.0 % per annum on basic face amount for 20 years term. Kindly note that crediting interest rates and bonus rates depend upon investment return and other external factors including market interest rates and regulatory capital requirements. Also please note that bonus rates and crediting interest rates may vary which may affect values shown in the above table.

## Salient Features of the LifeLine Policy

- On top of Basic Face Amount, your Policy is eligible for Policy bonus(es), if declared by the Company.
- Policy Loan facility during Premium Payment Phase is available if you need one.
- Additional accidental benefits through Personal Accident Coverage are available for you by paying additional premium.
- You will also have option to add valuable living and other insurance benefits by paying additional premium.
- Income Tax savings on your paid premium, subject to Tax Laws/Rules of Bangladesh Government. Please consult your Tax Advisor for confirmation and advice.

## Eligibility & Limitations

- Issue Age: 18 to 55 years
- Maturity Age: 100 years
- Premium Payment Term: 10 Years to 20 Years Basic Face Amount:
  Minimum Face Amount: BDT 1,50,000.
  Maximum Face Amount: Face Amount will be determined as per company's underwriting guidelines.
- Premium Payment Modes: Monthly, Quarterly, Semi-annually, and Annually
- Expiry Age of Personal Accident Coverage: 65 years or end of Premium Payment Phase, whichever is earlier
- Exclusions: Please read the Policy Document to know applicable exclusions.
- Underwriting Rules: Existing Company rules will apply.

## Other Terms and Conditions

1. **Principal Amount:** It is Basic Face Amount plus accrued Policy Bonuses (if declared) less indebtedness on the Policy (if any).

2. **Pension (i.e. Income Coupon) Payout Options:** At the start of Investment Accumulation Phase, following options are available for you-
   a. Annual Pension; or
   b. Monthly Pension; or
   c. Leave your pension with MetLife to accumulate with interest

3. **Pension (i.e. Income Coupon) Amount Calculation:** Pension is calculated as a percentage of the Principal Amount. Mentioned percentage is called as "Coupon Rate". This coupon rate is guaranteed to be not less than 2% of Principal Amount annually. Please consult your Financial Associate to Know current coupon rate.

4. **Policy Bonuses:** There are two (02) types of bonuses during Premium Payment Phase; Reversionary Bonus (RB) and Terminal Bonus (TB). RB is applicable for all available terms whereas TB Is only applicable for 16 to 20 years term. Please note that mentioned bonuses are not guaranteed.



5. **Maturity Benefit:** The Maturity Benefit Shall be the Principal Amount. If pension (i.e. income coupon) is left with MetLife to accumulate with interest, maturity benefit will be Principal Amount plus accumulated value of pension.

6. **Death Benefit:**
   a. *During Premium Payment Phase:* In case of death of the Insured, the beneficiary will receive Basic Face Amount plus accrued Reversionary and Terminal Bonuses (if applicable) less indebtedness to Company (if any).

   b. *During Investment Accumulation Phase:* In case of death of the Insured, beneficiary will receive Principal Amount. If pension (i.e. income coupon) |s left with MetLife to accumulate with interest, death benefit will be Principal Amount plus accumulated value of pension.

7. **Additional Accidental Benefit under Personal Accident Coverage, if chosen:**

   a. Accidental Death and Permanent Total Disability will be equal to Basic Face Amount but not exceeding BDT 5,000,000.

   b. Accidental Dismemberment will be up to basic Face Amount but not exceeding BDT 5,000,000.

   c. Accident Medical expense Reimbursement limit per accident will be up to 15% of basic Face Amount but not exceeding BDT 750,000.

8. **Surrender**
   a. *Cash Surrender during Premium Payment Phase:* The Policy acquires cash value after premiums have been paid for first two (02) premiums have been paid for first two (02) years. After this period, Policy Owner can surrender the Policy and receive Total Cash Value, less any indebtedness. Total Cash value is the Basic Cash Value plus cash value of the Reversionary Bonus.

   b. *Surrender Benefit during Investment Accumulation Phase (subject to processing fee, if any):* Policy Owner will receive Principal Amount. If pension (i.e. income coupon) is left with MetLife to accumulate with interest, surrender benefit will be Principal Amount plus accumulated value of pension (i.e. income coupons).

9. **Re-instatement during Premium Payment Phase:** Unless the Policy has been cash surrendered, it may be reinstated at any time within five years after default in payment of premium upon written application along with evidence of insurability, including good health, satisfactory to the Company together with payment of all overdue premiums and repayment of any loan with interest.

10. This Policy does not cover Death on account of Suicide (within two years from date of issue or from the date of reinstatement), War, Acquired Immune Deficiency Syndrome (AIDS), pre-existing condition or other exclusions as specified in the Policy document.

11. Policy Loan will be allowed up to a maximum of 85% of the Total Cash Value, less any indebtedness.



## How to Make a claim

Making a claim in case of Insured's death, dismemberment, disability or any other insured event is as simple as calling our MetLife Head Office at 9561791 (ext. 777) or 16344. We will guide you or your designated beneficiary (ies) through the whole process.

## Disclaimers

1. This Policy is underwritten by American Life Insurance Company ('MetLife') and is always subject to the terms and conditions described in the Policy. The information contained in this Brochure is intended only for general understanding of the customers. The terms, conditions and exclusions are included in the contract of insurance. For any discrepancies between the information contained herein and contract of insurance, the later shall prevail.

2. If any discrepancies are found between Bangla and English version of this Brochure, English version shall be considered as correct.

3. This Policy is not available in the United States, or offered to U.S. persons; for purposes of this statement, a U.S. person is a citizen or resident of United States (including a U.S. permanent resident residing outside the U.S.), U.S. partnership and any trust that is controlled by one or more U.S. persons and is subject to the supervision of a U.S. Court.

4. The term "Rider" wherever used herein shall mean and include any supplementary contract(s) attached with the basic Policy. The Rider is not a standalone product and it requires a basic Policy (the information/list of eligible basic Policy will be available to MetLife Financial Associate(s) and the required basic Policy(ies) shall be determined by MetLife) to become operative. The Rider (if any) attached with the basic Policy, will be automatically terminated on the termination and/or expiry date of the Rider or at the end of the Premium payment term, whichever is earlier.

# About MetLife

MetLife, Inc. (NYSE: MET), through its subsidiaries and affiliates ("MetLife"), is one of the world's leading financial services company who celebrated 150 years of navigating life together in 2018, provides insurance, annuities, employee benefits and asset management to help its individual and institutional customers navigate their changing world. Founded in 1868, MetLife has operations in more than 40 countries and holds leading market positions in the United States, Japan, Latin America, Asia, Europe and the Middle East.
For more information, visit www.metlife.com

MetLife's story in Asia can be traced back to Bangladesh when operations first began in 1952. Currently MetLife Bangladesh is the largest life insurer in the country. It serves over a million customers and is a major employer in Bangladesh with about 18,000 field force and employees. MetLife is one of the top tax paying insurance companies in Bangladesh that has been recognized for highest credit rating of 'AAA' since the rating of insurance companies began in Bangladesh in 2010. For more information, please visit www.metlife.com.bd

**Hotline: 16344 or 09666716344**

**Fax: +880 2 9558682**

**www.metlife.com.bd**

**American.Life@metlife.com.bd**

American Life Insurance Company, MetLife Building, 18-20 Motijheel C.A., P.O. Box 9, Dhaka-1000, Bangladesh

American Life Insurance Company is incorporated in the USA as a Limited Company.

Be connect with us on social media:

AS/2022/01/LifeLine/001/JP-20,000